# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৬৩৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬৩৪]

পর্ব-৭: আযান (كتاب الأذان)

পরিচ্ছেদঃ ৬: সফরের আযান প্রসঙ্গে

## الأذان في السفر

আরবী

أَخْبَرَنَا إِبْرَاهِيمُ بْنُ الْحَسَنِ، قال: حَدَّثَنَا حَجَّاجٌ، عَنْ ابْنِ جُرَيْجٍ، عَنْ عُثْمَانَ بْنِ السَّائِبِ، قال: أَخْبَرَنِي أَبِي وَأُمُّ عَبْدِ الْمَلِكِ بْنِ أَبِي مَحْذُورَةَ، عَنْ أَبِي مَحْذُورَةَ، قال: لَمَّا خَرَجَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ حُنَيْنٍ، خَرَجْتُ عَاشِرَ عَشْرَةٍ مِنْ أَهْلِ مَكَّةَ نَطْلُبُهُمْ، فَسَمِعْنَاهُمْ يُؤَذِّنُونَ بِالصَّلَاةِ، فَقُمْنَا نُؤَذِّنُ نَسْتَهْزِئُ بِهِمْ. فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: قَدْ سَمِعْتُ فِي هَؤُلَاءِ تَأْذِينَ إِنْسَانٍ حَسَنِ الصَّوْتِ ، فَأَرْسَلَ إِلَيْنَا، فَأَذَّنَّا رَجُلٌ رَجُلٌ وَكُنْتُ آخِرَهُمْ، فَقَالَ حِينَ أَذَّنْتُ: تَعَالَ، ، فَأَجْلَسَنِي بَيْنَ يَدَيْهِ فَمَسَحَ عَلَى نَاصِيَتِي وَبَرَّكَ عَلَيَّ ثَلَاثَ مَرَّاتٍ، ثُمَّ قَالَ: اذْهَبْ فَأَذِّنْ عِنْدَ الْبَيْتِ الْحَرَامِ ، قُلْتُ: كَيْفَ يَا رَسُولَ اللَّهِ ؟ فَعَلَّمَنِي كَمَا تُؤَذِّنُونَ الْآنَ بِهَا اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ، اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ، أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ، أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ، أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ، أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ، أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ، أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ، أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ، أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ، حَيَّ عَلَى الصَّلَاةِ، حَيَّ عَلَى الصَّلَاةِ، حَيَّ عَلَى الْفَلَاحِ، حَيَّ عَلَى الْفَلَاحِ، الصَّلَاةُ خَيْرٌ مِنَ النَّوْمِ، الصَّلَاةُ خَيْرٌ مِنَ النَّوْمِ فِي الْأُولَى مِنَ الصُّبْحِ، قَالَ: وَعَلَّمَنِي الْإِقَامَةَ مَرَّتَيْنِ: اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ، اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ، أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ، أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ، أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ، أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ، حَيَّ عَلَى الصَّلَاةِ، حَيَّ عَلَى الصَّلَاةِ، حَيَّ عَلَى الْفَلَاحِ، حَيَّ عَلَى الْفَلَاحِ، قَدْ قَامَتِ الصَّلَاةُ، قَدْ قَامَتِ الصَّلَاةُ، اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ، لَا إِلَهَ إِلَّا اللَّهُ . قَالَ ابْنُ جُرَيْجٍ: أَخْبَرَنِي عُثْمَانُ هَذَا الْخَبَرَ كُلَّهُ، عَنْ أَبِيهِ، وَعَنْ أُمِّ عَبْدِ الْمَلِكِ بْنِ أَبِي مَحْذُورَةَ، أَنَّهُمَا سَمِعَا ذَلِكَ مِنْ أَبِي مَحْذُورَةَ.

تخريج دارالدعوه: انظر حديث رقم: ٦٣١ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 634 _ صحيح

বাংলা

৬৩৩. ইবরাহীম ইবনুল হাসান (রহ.) ..... আবূ মাহযূরাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) যখন হুনায়ন হতে বের হলেন আমি মক্কাবাসী দশ জনের অন্যতম হিসেবে রাসূলুল্লাহ (সা.) ও তার দলের সন্ধানে বের হলাম। আমরা তাদেরকে সালাতের আযান দিতে শুনলাম। আমরা বিদ্রুপ সহকারে তাদের আযানের অনুকরণ করতে লাগলাম। তখন রাসূলুল্লাহ (সা.) বললেন, “আমি তাদের মধ্যে মধুর কণ্ঠস্বর বিশিষ্ট একজনের শব্দ শুনেছি।” তখন তিনি আমাদেরকে ডেকে পাঠালেন। তারপর আমরা সবাই এক একজন করে আযান দিলাম। সর্বশেষে আমি ছিলাম, আমি আযান দেয়ার পর বললেন, আসো, এরপর আমাকে তার সম্মুখে বসালেন এবং আমার কপালে হাত বুলিয়ে তিনবার বারাকাতের দু'আ করলেন। তারপর বললেন, যাও, মসজিদুল হারামে আযান দাও। আমি বললাম, হে আল্লাহর রসূল! কিভাবে দেব? তখন তিনি আমাকে আযান শিক্ষা দিলেন যেভাবে তোমরা এখন আযান দিচ্ছ “আল্ল-হু আকবার আল্ল-হু আকবার, আল্ল-হু আকবার আল্ল-হু আকবার; আশহাদু আল্লা- ইলা-হা ইল্লাল্লহ, আশহাদু আল্লা- ইলা-হা ইল্লাল্ল-হ; আশহাদু আন্না মুহাম্মাদার রসূলুল্ল-হ, আশহাদু আন্না মুহাম্মাদার রসূলুল্ল-হ। আশহাদু আল্লা- ইলা-হা ইল্লাল্ল-হ, আশহাদু আল্লা- ইলা-হা ইল্লাল্ল-হ; আশহাদু আন্না মুহাম্মাদার রসূলুল্ল-হ, আশহাদু আন্না মুহাম্মাদার রসূলুল্ল-হ। হাইয়্যা আলাস্ সালা-হ, হাইয়্যা আলাস্ সালা-হ; হাইয়্যা 'আলাল ফালা-হ, হাইয়্যা আলাল ফালা-হ।”

(আল্লাহ মহান, আল্লাহ মহান; আল্লাহ মহান, আল্লাহ মহান। আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া প্রকৃতপক্ষে কোন ইলাহ নেই; আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া প্রকৃতপক্ষে কোন ইলাহ নেই। আমি সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ আল্লাহর রসূল; আমি সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ আল্লাহর রসূল। আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া প্রকৃতপক্ষে কোন ইলাহ নেই; আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া প্রকৃতপক্ষে কোন ইলাহ নেই। আমি সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ আল্লাহর রসূল; আমি সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ আল্লাহর রসূল। সালাতের জন্যে এসো, সালাতের জন্যে এসো। কল্যাণের জন্যে এসো, কল্যাণের জন্যে এসো।)

তিনি ফজরের প্রথম আযানে- “আসসালা-তু খয়রুম্ মিনান নাওম, আসসালা-তু খয়রুম্ মিনান নাওম” (ঘুমের চেয়ে সালাত উত্তম, ঘুমের চেয়ে সালাত উত্তম) বলা শিক্ষা দেন।

তিনি আমাকে ইকামত শিক্ষা দেন দু' বার করে......।

“আল-হু আকবার আল্ল-হু আকবার, আল্ল-হু আকবার আল্ল-হু আকবার; আশহাদু আল্লা- ইলা-হা ইল্লাহ, আশহাদু আল্লা- ইলা-হা ইল্লাল্ল-হ; আশহাদু আন্না মুহাম্মাদার রসূলুল্ল-হ, আশহাদু আন্না মুহাম্মাদার রসূলুল্ল-হ; হাইয়্যা 'আলাস্ সালা-হ, হাইয়্যা আলাস্ সালা-হ; হাইয়্যা আলাল ফালা-হ, হাইয়্যা আলাল ফালা-হ। আল্ল-হু আকবার আল্ল-হু আকবার; লা- ইলা-হা ইল্লাল্ল-হ।”

(আল্লাহ মহান, আল্লাহ মহান; আল্লাহ মহান, আল্লাহ মহান। আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া প্রকৃতপক্ষে কোন

ইলাহ নেই; আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া প্রকৃতপক্ষে কোন ইলাহ নেই। আমি সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ আল্লাহর রসূল; আমি সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ আল্লাহর রসূল। সালাতের জন্যে এসো, সালাতের জন্যে এসো। কল্যাণের জন্যে এসো, কল্যাণের জন্যে এসো। আল্লাহ মহান, আল্লাহ মহান। আল্লাহ ছাড়া প্রকৃতপক্ষে কোন ইলাহ নেই।)

ইবনু জুরায়জ বলেন, ’উসমান (রাঃ) এ পূর্ণ হাদীসটি তাঁর পিতা এবং উম্মু ’আবদুল মালিক ইবনু আবূ মাহযুরাহ (রাঃ) হতে। আর তারা দু’জনে আবূ মাহযূরাহ (রাঃ) হতে শুনেছেন।”

## English

6. The Adhan When Traveling

It was narrated that Abu Mahdhurah said: When the Messenger of Allah left Hunain, I was the tenth of a group of ten of the people of Makkah who were trying to catch up with them. We heard them calling the Adhan for the prayer and we started to repeat the Adhan, mocking them. The Messenger of Allah said, 'I heard among these people the Adhan of one who has a beautiful voice.' He sent for us, and we recited the Adhan one by one, and I was the last of them. When I said the Adhan, he said: 'Come here.' He sat me down in front of him and rubbed my forelock and blessed me three times, then he said, 'Go and give the Adhan at the sacred House.' I said: 'How, O Messenger of Allah?' He taught me as you say the Adhan now: 'Allahu Akbar, Allahu akbar, Allahu Akbar, Allahu Akbar; Ashhadu an la ilaha illallah, Ashhadu an la ilaha illallah; Ashhadu anna Muhammadan Rasulallah, Ashhadu anna Muhammadan Rasulallah, Ashhadu an la ilaha illallah, Ashhadu an la ilaha illallah; Ashhadu anna Muhammadan Rasulallah, Ashhadu anna Muhammadan Rasulallah; Hayya 'alas-salah, Hayya 'ala-salah; Hayya 'alal-falah Hayya 'alal-falah; as-salatu khairun min an-nawm;as-salatu khairun min an-nawm; (Allah is the Greatest,Allah is the Greatest, Allah is the Greatest, Allah is the Greatest; I bear witness that there is none worthy of worship except Allah, I bear witness that there is none worthy of worship except Allah; I bear witness that Muhammad is the Messenger Allah,I bear witness that Muhammad is the Messenger Allah; I bear witness that there is none worthy of worship except Allah, I bear witness that there is none worthy of worship except Allah; I bear witness that Muhammad is the Messenger of Allah, I bear witness that Muhammad is the Messenger of Allah; Come to prayer, come to prayer; come to prosperity, come to prosperity; prayer is better than sleep, prayer is better than sleep)' - in the first (Adhan) for As-Subh (Fajr). And he taught me the Iqamah saying each phrase twice: 'Allahu Akbar, Allahu Akbar, (Allahu Akbar, Allahu Akbar), Ashhadu an la ilaha illallah, Ashhadu an la ilaha illallah; Ashhadu anna

Muhammadan Rasulallah, Ashhadu anna Muhammadan Rasulallah; Hayya 'alas-salah, Hayya 'alas-salah; Hayya 'alal-falah, Hayya 'alal-falah; qad qamatis-salah, qad qamati-salah, Allahu Akbar, Allahu Akbar La ilaha illallah (Allah is the Greatest, Allah is the Greatest, (Allah is the Greatest, Allah is the Greatest); I bear witness that there is none worthy of worship except Allah, I bear witness that there is none worthy of worship except Allah ; I bear witness that Muhammad is the Messenger of Allah, I bear witness that Muhammad is the Messenger of Allah; Come to prayer, come to prayer; come to prosperity, come to prosperity; the prayer is about to begin, the prayer is about to begin, Allah is the Greatest,Allah is the Greatest; there is none worthy of worship except Allah). (One of the narrators) Ibn Juraij said: ''Uthmin narrated this whole report to me from his father and from Umm 'Abdul-Malik bin Abi Mahafirah, and (said that) they heard that from Abu Mahdhurah.

## ফুটনোট

সহীহ: আবু দাউদ ৫০১, মুসনাদে আহমাদ ১৫৪১৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবু মাহযুরা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86977

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন